তারিখ 16 DEC 2002
পৃষ্ঠা ১ ও ১৫ কলাম ৫-৬

দৈনিক
ইত্তেফাক

# ৩১ ডিসেম্বর ঢাবি শিক্ষক সমিতির নির্বাচন ॥ সাদা ও নীল দলের প্রার্থী চূড়ান্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামী ৩১ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন। নির্বাচনে বিএনপি-জামায়াত সমর্থিত শিক্ষকদের সাদা দল এবং আওয়ামী

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## ৩১ ডিসেম্বর ঢাবি

(শেষ পৃষ্ঠার পর)

লীগ সমর্থিত নীল দল ইতিমধ্যে প্যানেল চূড়ান্ত করেছে। তবে বামপন্থী গোলাপী দল এখনও প্যানেল চূড়ান্ত করেনি। দেশের বর্তমান প্রেক্ষাপটে শিক্ষক সমিতির এই নির্বাচন বিভিন্ন কারণে গুরুত্বপূর্ণ। ২১ ডিসেম্বর মনোয়নপত্র জমাদানের শেষ দিন এবং প্রত্যাহারের শেষ দিন ২২ ডিসেম্বর। সাদা দলের প্রার্থীরা হচ্ছেন সভাপতি অধ্যাপক আসাদুজ্জামান (লোক প্রশাসন), সহ-সভাপতি অধ্যাপক আবুল খায়ের (রসায়ন), সাধারণ সম্পাদক অধ্যাপক ইয়ারুল কবির (প্রাণ রসায়ন), যুগ্ম সম্পাদক অধ্যাপক লুৎফর রহমান (পরিসংখ্যান), কোষাধ্যক্ষ অধ্যাপক সিরাজুল ইসলাম (ব্যবস্থাপনা), সদস্য অধ্যাপক সিরাজুল ইসলাম খান (অনুজীব বিজ্ঞান), অধ্যাপক তাজমেরী এস এ ইসলাম (রসায়ন), অধ্যাপক আবু আহমেদ (অর্থনীতি), অধ্যাপক আনোয়ার হোসেন (ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট), অধ্যাপক সাঈদুর রহমান (বাংলা), চৌধুরী মাহমুদুল হাসান (ফার্মেসী), অধ্যাপক আতাউর রহমান (রাষ্ট্রবিজ্ঞান), অধ্যাপক বদরুল আলম (পদার্থ বিজ্ঞান), অধ্যাপক নূরুল আমিন বেপারী (রাষ্ট্রবিজ্ঞান), তাহমিনা আক্তার টফি (সমাজ কল্যাণ)। নীল দলের প্রার্থীরা হচ্ছেন সভাপতি অধ্যাপক কাজী শহীদুল্লাহ (ইতিহাস), সহ-সভাপতি অধ্যাপক হোসেন মনসুর (ভূ-তত্ত্ব), সাধারণ সম্পাদক অধ্যাপক আনোয়ার হোসেন (প্রাণ রসায়ন), যুগ্ম সম্পাদক অধ্যাপক মিজানুর রহমান (আইন), কোষাধ্যক্ষ অধ্যাপক খায়রুল হোসেন (ফিন্যান্স এন্ড ব্যাংকিং), সদস্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী (ফার্মেসী), অধ্যাপক শাহাদৎ আলী (প্রাণিবিদ্যা), অধ্যাপক মোস্তফা চৌধুরী (রাষ্ট্র বিজ্ঞান), অধ্যাপক খন্দকার বজলুল হক (ব্যবস্থাপনা), অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী (ব্যবস্থাপনা), অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক (গণযোগাযোগ ও সাংবাদিকতা), অধ্যাপক নাজমা চৌধুরী, (পুষ্টি ও খাদ্য), অধ্যাপক আমিনুর রশীদ (পদার্থ বিজ্ঞান), শরিফউল্লাহ ভুঁইয়া (ইতিহাস)।